গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৬১.২২.৩৬৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

**বিষয়: তিন ফসলি জমিতে স্থাপনা নির্মাণ হতে বিরত থাকা।**

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক ০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.২৩.০৯, তারিখ: ০৫ মার্চ ২০২৩;
২. এ বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক ৪৬.০০.০০০.০৩৮.০১৬.০০৩.২০২১-৭৮, তারিখ: ০৯ মার্চ ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত |
|---|---|
| ৬. | মসবৈ-০৩(০২)/২০২৩, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৩<br>বিবিধ বিষয়: তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপনা নির্মাণ করা যাইবে না।<br>সিদ্ধান্ত:<br>৬। তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপনা নির্মাণ করা যাইবে না। |

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। **বিষয়টি অতীব জরুরি।**

০৫/০৩/২০২৩


মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd


মেয়র

................................ পৌরসভা (সকল)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. উপসচিব (সমন্বয় ও কাউন্সিল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা

বিষয় : মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.২৩-০৯, তারিখ : ০৫ মার্চ ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত হালনাগাদ তথ্য (নিকষ ফন্টে সফট কপি ও হার্ড কপিসহ) আগামী ১৯/০৩/২০২৩ তারিখের মধ্যে সমন্বয় ও কাউন্সিল শাখায় আবশ্যিকভাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: .............. পাতা ।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল councillgd@lgd.gov.bd

অতিরিক্ত সচিব (অতিরিক্ত সচিবের অনুবিভাগ/নগর উন্নয়ন অনুবিভাগ/উন্নয়ন অনুবিভাগ)/
মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ

**অনুলিপি :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ইউ.ও.নোট নং-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০৩.২০২১-৭৮

তারিখ: ০৯ মার্চ ২০২৩

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ঃ
তারিখঃ
স্বাক্ষর

গোপনীয়
জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসভা ও রিপোর্ট অনুবিভাগ
মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.২৩-০৯

তারিখ: ০৫ মার্চ ২০২৩
২০ ফাল্গুন ১৪২৯

বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ।

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিসভাকে অবহিত করার লক্ষ্যে ২০২৩ সালের প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত তাঁর মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের (তালিকা সংযুক্ত) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য সংবলিত প্রতিবেদন **(নিকস ফন্টে প্রতিটি সিদ্ধান্ত পৃথক পাতায়)** আগামী ২২ মার্চ ২০২৩ তারিখের মধ্যে হার্ডকপি এবং ই-মেইল/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: ......১...... পাতা।

০৫/৩/২০২৩

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫১১০৩৭
implement-1_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব
......স্থানীয় সরকার...... মন্ত্রণালয়/বিভাগ।

ডায়রী নং......১৬......
তারিখ......০৭/০৩/২০২৩......
সমন্বয় ও কাউন্সিল শাখা

অতিরিক্ত সচিব (প্রশাসন/উপজেলা/...)
নম্বর... তারিখ...
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ডায়েরি নং...... তারিখ ৬/৩/২৩
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

E:\Official\04.312\04.312.016 Implement Report\Imp Report for CM 2023\Imp Report for CM 2023 Q1\05 Letter.doc

## (৫২) স্থানীয় সরকার বিভাগ

| ক্রমিক | বাস্তবায়নাধীন সিদ্ধান্ত |
|---|---|
| ১. | মসবৈ-২১(০৯)/২০২০, তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২০<br>বিষয়-১: 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২০'-এর খসড়ার নীতিগত অনুমোদন।<br>**আলোচনা:**<br>৬.১। সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের যথাসময়ে দায়িত্ব গ্রহণের সুবিধার্থে বিদ্যমান কর্পোরেশনের মেয়াদ এবং সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠানের সময় সংক্রান্ত বিধান যথোপযোগী করিয়া 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯' সংশোধনক্রমে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২০'-এর খসড়া প্রণয়নের উদ্যোগ প্রশংসনীয়। প্রস্তাবিত সংশোধনীসমূহ যুক্তিযুক্ত ও অনুমোদনযোগ্য। তবে, প্রস্তাবিত আইনের ২ ধারায় উল্লেখিত '...৭ দিনের...' শব্দসমূহের স্থলে '...১৫ কার্যদিবস...' শব্দসমূহ প্রতিস্থাপন করা সমীচীন। ইহা ছাড়া, সরকার কর্তৃক কোনো মেয়র ও কাউন্সিলরগণের অনুকূলে বৎসরে সর্বোচ্চ এক মাস ছুটি মঞ্জুর করিবার লক্ষ্যে বিদ্যমান আইনের ১৭ ধারা পুনর্গঠন করা আবশ্যক।<br>৬.২। উপর্যুক্ত আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২০'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা যাইতে পারে।<br>**সিদ্ধান্ত:**<br>৭। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২০'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল। |
| ২. | মসবৈ-০৯(০৪)/২০২২, তারিখ: ১৮ এপ্রিল ২০২২<br>বিষয়-৪: 'যত্রতত্র অপরিকল্পিতভাবে শিল্প স্থাপনের ফলে পরিবেশগত ভারসাম্য বিনষ্ট, মূল্যবান কৃষি জমি নিঃশেষ এবং নগর ও শহরাঞ্চলের সৌন্দর্যহানি ঘটানো' সংক্রান্ত গত ০৩ জুন ১৯৯০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের ১১(ঙ) নম্বর সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হিসাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অব্যাহতি প্রদান।<br>১৭.২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ যৌথভাবে যত্রতত্র অপরিকল্পিতভাবে শিল্প স্থাপনের ফলে পরিবেশগত ভারসাম্য বিনষ্ট, মূল্যবান কৃষি জমি নিঃশেষ এবং নগর ও শহরাঞ্চলের সৌন্দর্যহানি সংক্রান্ত একটি অবস্থানপত্র প্রস্তুতপূর্বক উহা মন্ত্রিসভাকে অবহিত করিবে। |
| ৩. | মসবৈ-১৬(০৭)/২০২২, তারিখ: ২৫ জুলাই ২০২২<br>বিষয়-৪: 'গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২২'-এর খসড়ার নীতিগত অনুমোদন।<br>আলোচনা:<br>১৪.১। প্রাতিষ্ঠানিক বিচার ব্যবস্থার ওপর চাপ হ্রাস করা এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারণার ওপর প্রতিষ্ঠিত গ্রাম আদালত বিরোধ নিষ্পত্তির একটি অনানুষ্ঠানিক প্রক্রিয়া। এই প্রক্রিয়ার মাধ্যমে গ্রামের জনসাধারণ, বিশেষ করিয়া মহিলা, দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠী, ছোট খাটো বিরোধ ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালতের মাধ্যমে দ্রুত ও স্বল্প ব্যয়ে মীমাংসা করিবার লক্ষ্যে 'গ্রাম আদালত আইন, ২০০৬' প্রণয়ন করা হয়। এই আইনের বিচার্য বিষয় নিষ্পত্তির সময়সীমা ৩০ দিন হইতে হ্রাস করিয়া ১৫ দিন করাসহ কোন ব্যক্তি হইতে ক্ষতিপূরণ বাবদ টাকা আদায়ের ক্ষেত্রে গ্রাম আদালতের এখতিয়ার পঁচাত্তর হাজার টাকা হইতে তিন লক্ষ টাকায় উন্নীতকরণপূর্বক 'গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২২' যুগোপযোগী ও অধিক জনবান্ধব করিবার লক্ষ্যে সংশোধনের উদ্যোগ সময়োপযোগী ও প্রশংসনীয়। তবে, খসড়া আইনে 'নারী' শব্দটি অপরিবর্তিত থাকাই সমীচীন হইবে।<br>১৪.২। উপর্যুক্ত আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২২'-এর খসড়ার নীতিগতভাবে অনুমোদন করা যাইতে পারে।<br>সিদ্ধান্ত:<br>১৫। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২২'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল। |
| ৪. | মসবৈ-০২(০১)/২০২৩, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩<br>বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।<br>সিদ্ধান্ত:<br>৯.৩। মন্ত্রিসভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে যেইসকল দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরের জন্য অনুমোদিত হওয়ার পর দীর্ঘদিন যাবৎ কার্যকর হয় নাই সেইসকল চুক্তি স্বাক্ষর/অনুসমর্থন-সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিষ্পত্তির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। |
| ৫. | মসবৈ-০২(০১)/২০২৩, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩<br>বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।<br>সিদ্ধান্ত:<br>৯.৪। মন্ত্রিসভা-বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত আইনসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় উপস্থাপন এবং চূড়ান্তভাবে অনুমোদিত আইনসমূহ জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবেন। |

| | |
|---|---|
| ৬. | মসবৈ-০৩(০২)/২০২৩, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৩<br>বিবিধ বিষয়: তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ না করা।<br>সিদ্ধান্ত:<br>৬। তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ করা যাইবে না। |
| ৭. | মসবৈ-০৩(০২)/২০২৩, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৩<br>বিষয়-৩: প্রতিবৎসর ১৬ জানুয়ারিকে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' হিসাবে ঘোষণা এবং দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত এতদ্‌বিষয়ক পরিপত্রের 'খ' ক্রমিকে উহা অন্তর্ভুক্তকরণের প্রস্তাব অনুমোদন।<br>সিদ্ধান্ত:<br>১৫। মন্ত্রিসভা 'জাতীয় স্থানীয় সরকার দিবস'-কে 'খ' শ্রেণির দিবস হিসাবে উদ্‌যাপনের প্রস্তাব অনুমোদন করিল। ইহা ছাড়া, স্থানীয় সরকার বিভাগ 'জাতীয় স্থানীয় সরকার দিবস'-এর জন্য একটি তারিখ নির্দিষ্ট করিয়া তাহা অনুমোদনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর নিকট প্রস্তাব প্রেরণ করিবে। |
| ৮. | মপবৈ-১৩/৮৭, তারিখঃ ১৯-৪-১৯৮৭।<br>বিবিধ সিদ্ধান্তঃ<br>২৪। (ঘ) ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) প্রকল্প এলাকায় এবং খালের উপরে অননুমোদিত কিছু ঘর-বাড়ী নির্মিত হইতেছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় অবিলম্বে এই সমস্ত অবৈধ ঘর-বাড়ী উচ্ছেদের ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করিবে। এই এলাকায় অননুমোদিতভাবে গড়িয়া উঠা বাজার উপযুক্ত স্থানে স্থানান্তর এবং অবৈধ দোকান পাট উচ্ছেদের জন্য মন্ত্রিপরিষদে ইতঃপূর্বে যে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে উহা বাস্তবায়ন ত্বরান্বিত করিতে হইবে। |